# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৬৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৬৭]

পর্ব-১: ত্বহারাহ্‌ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৭১: অপবিত্র ব্যক্তির কুরআন তিলাওয়াত থেকে বিরত থাকা

بَاب حَجْبِ الْجُنُبِ مِنْ قِرَاءَةِ الْقُرْآنِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ أَبُو يُوسُفَ الصَّيْدَلَانِيُّ الرَّقِّيُّ، قال: حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، قال: حَدَّثَنَا الْأَعْمَشُ، عَنْعَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَلَمَةَ، عَنْ عَلِيٍّ، قال: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ الْقُرْآنَ عَلَى كُلِّ حَالٍ لَيْسَ الْجَنَابَةَ .

تخريج دارالدعوه: انظر ما قبله (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 267 ـ ضعيف

বাংলা

২৬৬. মুহাম্মাদ ইবনু আহমাদ আবূ ইউসুফ আস্ সয়দালানী আর রক্কী (রহ.) ..... 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) অপবিত্র অবস্থা ছাড়া সর্বাবস্থায়ই কুরআন তিলাওয়াত করতেন।

## English

171. The Junub Person Being Prevented From Reciting The Qur'an

It was narrated that 'Ali said: The Messenger of Allah (ﷺ) used to recite Qur'an in all circumstances except when he was Junub.

ফুটনোট

সনদ দুর্বল: 'আবদুল্লাহ ইবনু সালামাহ্ হাদীসটি এমনই বর্ণনা করেছেন, তার বার্ধক্য বয়সে স্মৃতিশক্তি লোপ পেয়েছিল, আর ইমাম বলেন- হাদীসটি তিনি বার্ধক্য বয়সে বর্ণনা করেছেন; মুখতাসারুস্ সুন্নাহ মুনযীরী

(১/১৫৬)। ইমাম খত্তাবী বলেন, ইমাম আহমাদ বিন হাম্বাল হাদীসটি দোষারোপ করেছেন এবং আবদুল্লাহ বিন সালামাহ দুর্বল বলেছেন; মায়ালিমুস্ সুনান (১/৬৬)। শায়খ নাসিরুদ্দীন আলবানী (রহ.) হাদীসটিকে য'ঈফ বলেছেন: প্রাগুক্ত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86537

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন